৩/১১/২০০২


দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ...


# চট্টগ্রাম বিআইটিকে প্রকৌশল ভার্সিটিতে রূপান্তরের দাবী

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিআইটিকে পূর্ণাঙ্গ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের দাবীর পক্ষে চট্টগ্রামের সর্বস্তরের জনসাধারণের স্বাক্ষর গ্রহণ অভিযান শুরু হইয়াছে। প্রকৌশল বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন সংগ্রাম পরিষদের পক্ষ হইতে বলা হইয়াছে ইতিমধ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী আবদুল্লাহ আল নোমান, বেসামরিক, বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ নাসিরউদ্দিন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী স্বাক্ষর করিয়াছেন।

এদিকে গত ২৭শে অক্টোবর চট্টগ্রাম সার্কিট হাউজের সভাকক্ষে শ্রমমন্ত্রীর সহিত বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন পরিষদ নেতৃবৃন্দ এক মতবিনিময় সভায় মিলিত হন। এ-সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সংগ্রাম পরিষদের আহ্বায়ক প্রফেসর ডঃ ইঞ্জিনিয়ার মোঃ জাহাঙ্গীর আলম, যুগ্ম-আহ্বায়ক ও বিআইটি চট্টগ্রামের শিক্ষক সমিতির সভাপতি ডঃ ইঞ্জিনিয়ার মোহাম্মদ আবদুস সালাম, ইঞ্জিনিয়ার মোঃ আলী কাওসার এবং সংগ্রাম পরিষদের যুগ্ম-আহ্বায়ক ইঞ্জিনিয়ার এম ইলিয়াস হোসেন।